

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

...

সভাপতি মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
পরিচালক
সভার তারিখ ২৭ মে/২০১৯ খ্রি:
সভার সময় বেলা ১২.০০ ঘটিকা
স্থান পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে বিগত সভার সুপারিশসমূহ নিয়ে পর্যালোচনা করা হয় এবং ২০১৮-২০১৯ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন	<ul style="list-style-type: none">২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার বেশির ভাগ লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে। তবে যেসকল বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা দ্রুত অর্জনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	লক্ষ্যমাত্রা অর্জনে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ইনোভেশন টিম

<p>০২</p>	<p>ই-ফাইলিং</p>	<ul style="list-style-type: none"> • ই-ফাইলিং কার্যক্রমে মে/২০১৯খ্রি: পর্যন্ত রিপোর্টে বিআরডিবি'র অবস্থান ১৮ তম স্থানে আছে। এবং উক্ত সময়ে ৩০১ টি পত্র জারি হয়েছে। ই-ফাইলিং কার্যক্রম আরো জোড়দার করার লক্ষ্যে হার্ডফাইলে পত্র জারি না করে ই-ফাইলিং এ পত্র জারির বিষয়ে তাগিদপত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। • পল্লী এলাকার নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদানের লক্ষ্যে সদর দপ্তরের সাথে জেলাদপ্তরসমূহকে ই-ফাইলিং কার্যক্রমের আওতায় আনা হয়েছে। জেলাদপ্তরসমূহের ই-ফাইলিং কার্যক্রমে সৃষ্ট সমস্যাাদি নিরূপনে এটুআই এর পাশাপাশি প্রোগ্রামিং শাখা থেকে সমাধান এবং বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হচ্ছে। এছাড়াও জেলা পর্যায়ে এটুআই এর প্রশিক্ষণের পাশাপাশি ৬৪ টি জেলাদপ্তরের উপপরিচালক ও তাঁর অধীনস্থ একজন কর্মকর্তা/কর্মচারীসহ ০৪ টি ব্যাচে মোট ১২৮ জন কর্মকর্তা/কর্মচারীকে সদর দপ্তরে ই-নথি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। • বর্তমানে বিআরডিবি'র ৬৪ টি জেলা দপ্তর ই-ফাইলিং Live এ কাজ করছে। এর মধ্যে জয়পুরহাট, নওগাঁ, পাবনা, শরীয়াতপুর ইত্যাদি জেলাদপ্তরসমূহ অগ্রণী ভূমিকা পালন করছে। জয়পুর হাটের সকল উপজেলা দপ্তরকে Live এ আনার বিষয়ে অনুরোধ জানানো হয়েছে। 	<ul style="list-style-type: none"> • ই-ফাইলিং কার্যক্রমে বিআরডিবি'র অবস্থান উন্নয়নে হার্ডফাইলে পত্রজারি না করে ই-ফাইলে পত্রজারির উদ্যোগ নিতে হবে; • জেলা দপ্তরের কার্যক্রম উন্নয়নে তাদের সকল সমস্যা দ্রুত সমাধান করতে হবে। • জয়পুরহাট জেলার সকল উপজেলাকে দ্রুততম সময়ের Live এ আনার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। • পাশাপাশি ই-ফাইলিং এ প্রাথমিক পর্যায়ে যারা ভালো কাজ করছে তাদের প্রশংসা পত্র প্রদান করা যেতে পারে। 	<p>ইনোভেশন টিম/ উপপরিচালক (প্রোগ্রামিং)</p>
-----------	-----------------	--	---	---

০৩	সেবা সহজীকরণ	<p>অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ ও ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ বিষয়ে আবর্তক এর দুটি সেবা সহজীকরণের অফিস আদেশ জারির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<ul style="list-style-type: none"> ● অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ সংক্রান্ত সেবা সহজীকরণের পত্রজারি সংক্রান্ত সকল কাগজপত্র আগামী ১০/০৬/২০১৯ তারিখে উপপরিচালক (মার্কেটিং) ও সহকারী পরিচালক (পদাবিক) ইনোভেশন টিমের নিকট দাখিল করবে; ● ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সকল কাগজপত্র ১০/০৬/২০১৯ তারিখে উপপরিচালক (ঋণ) ইনোভেশন টিমের নিকট দাখিল করবেন। 	<p>ইনোভেশন টিম/ উপপরিচালক- প্রশাসন/ঋণ/ মার্কেটিং/প্রোগ্রামিং ও সহকারী পরিচালক পেনশন/পদাবিক</p>
০৪	মেন্টর/মেন্টর ওয়ার্কশপ আয়োজন	<ul style="list-style-type: none"> ● মেন্টর মেন্টর কর্মশালা আয়োজনের লক্ষ্যে যেসব ইনোভেটর আইডিয়া পাঠিয়েছে তাদের মধ্য থেকে বাছাইপূর্বক মেন্টর/মেন্টর তালিকা সভায় উপস্থাপন করা হয় (পতাকা-খ)। ● ০২ (দুই) দিন ব্যাপী আয়োজিত কর্মশালার সম্ভাব্য বাজেট এর খসড়া সভায় উপস্থাপন করা হয় (সংযুক্ত পতাকা-গ)। উল্লিখিত খসড়া বাজেট এর বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং কর্মশালার তারিখ নির্ধারণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। 	<ul style="list-style-type: none"> ● নির্বাচিত মেন্টর/মেন্টর বিষয়ে কারো দ্বিমত না থাকায় প্রস্তুতকৃত মেন্টর/মেন্টর তালিকা, কর্মশালার সম্ভাব্য বাজেট এবং তারিখ নির্ধারণের জন্য মহাপরিচালক মহোদয়ের বরাবরে নথি উপস্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। ● যারা আইডিয়া পাঠিয়েছে এবং কর্মশালায় অংশগ্রহণ করবে তাদের সকলকে সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত হয়। 	<p>ইনোভেশন টিম ও উপপরিচালক (প্রোগ্রামিং)</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
পরিচালক


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.১৬৪

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬

২৭ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (অর্থ), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
- ৩) উপপরিচালক (ঋণ), বিআরডিবি, ঢাকা।
- ৪) উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
- ৫) উপপরিচালক (মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।
- ৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি সেল), প্রোগ্রামিং শাখা, বিআরডিবি, ঢাকা।
- ৭) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম
উপপরিচালক